



সূত্র নম্বর: এসিডি(এমডি)/৩৬(৩)/২০২২- ২ ৫ ৩ ৯

তারিখ: ১৭ মে, ২০২২

কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে গঠিত ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার
পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় সাফল্য অর্জন করায়

প্রশংসাপত্র

দেশব্যাপী নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাত সহ অন্যান্য খাতসমূহে সংকট সৃষ্টি হওয়ার আশঙ্কা থাকায় করোনা মহামারিকালীন সময়ে দেশের খাদ্য উৎপাদন ও সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের পাশাপাশি চলতি মূলধনভিত্তিক কৃষি খাতসমূহে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার একটি বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। উক্ত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক বরাদ্দকৃত অর্থের ১০০.১০% ঋণ বিতরণ করায় ওয়ান ব্যাংক লিমিটেডকে অভিনন্দন জানানো হলো।

ওয়ান ব্যাংক লিমিটেড কৃষি খাতে প্রণোদনা প্যাকেজের পরবর্তী স্কিমগুলোতে ঋণ বিতরণ কার্যক্রম আরো গতিশীল করার মাধ্যমে দেশের সার্বিক কৃষি উন্নয়নে সক্রিয় ভূমিকা অব্যাহত রাখবে বলে আশা করছি।

ফজলে কবির

গভর্নর

বাংলাদেশ ব্যাংক